জেলা পরিষদ
দিনাজপুর

www.zpdinajpur.gov.bd

গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি নং ০১/২০২৪-২৫।

স্মারক নং জেপদি/এক -০৭(ক)/২০২৪-২০২৫/ ৭৪৫ তারিখ: ০৪/০৯/২০২৪ খ্রি:।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলা পরিষদের অধীন নিম্নবর্ণিত গাছ বিক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহবান করা যাচ্ছে।

**"দরপত্রের সময়সূচী"**

| দরপত্র ডাকের দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ দফা | ১৭/০৯/২০২৪ খ্রি: বেলা ৫.০০ঘটিকা | ১৮/ ০৯/২০২২ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ১৮ /০৯/২০২৪ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | জেলা পরিষদ, দিনাজপুর/ জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর/ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, ........................., দিনাজপুর। |
| ২য় দফা | ২৫ /০৯/২০২৪ খ্রি: বেলা ৫.০০ ঘটিকা | ২৬/ ০৯/২০২২ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ২৬/০৯/২০২৪ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | |
| ৩য় দফা | ০২/১০/২০২৪ খ্রি: বেলা ৫.০০ ঘটিকা | ০৩/১০/২০২২ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা | ০৩/১০/২০২৪ খ্রি: বেলা ৪.০০ ঘটিকা। জেলা পরিষদ, দিনাজপুর। | |

| গ্রুপ | গাছের বিবরণ | সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ১ | জেলা পরিষদের মালিকানাধীন বোচাগঞ্জ উপজেলায় দিনাজপুর হতে বোচাগঞ্জ রাস্তায় জলেন্দ্রনাথ দেবশর্মা এর জমির সামনে রাস্তার পশ্চিম পার্শ্বে পাড়েয়া মৌজায় নয়নজুলির উপরে উপড়ে পড়া বড় আকারের ১টি বট গাছ। | ২,৪০০/- | ৩০০/- |
| ২ | জেলা পরিষদের মালিকানাধীন বোচাগঞ্জ ডাকবাংলোয় কর্তনকৃত ১টি শিশু গাছের ৩ টুকরা কাঠ। | ২,৭৬০/- | ৩০০/- |
| ৩ | জেলা পরিষদের মালিকানাধীন দিনাজপুর হতে বীরগঞ্জ যাওয়ার রাস্তায় ১১ মাইল নামক মোড় হতে ৫০ মিটার দক্ষিণে ও রাস্তার পশ্চিম পার্শ্বে শ্যামপুর মৌজায় ১টি মরা শিমুল গাছ। | ২৮,৫৯৭/- | ৩০০/- |
| ৪ | জেলা পরিষদের মালিকানাধীন বিরামপুর ডাকবাংলোয় কর্তনকৃত শিশু গাছেল ৩ টুকরা কাঠ , রেইন্টি গাছের ৭ টুকরা, কৃষ্ণচূড়া গাছেরর ৪ টুকরা মোট ১৪ টুকরা কাঠ। | ২০,১১০/- | ৩০০/- |

**শর্তাবলী:**

১। দরপত্রের সাথে দরপত্রদাতার ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সিডিউল ক্রয়ের মানি রশিদ কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি, হাল নাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, দিনাজপুর জেলা পরিষদ কর্তৃক লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, জামানত/বায়নার টাকার মুল বিডি/পিও, দরপত্রের নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখসহ সত্যায়িত নমুনা স্বাক্ষর দিতে হবে।

২। গাছের প্রদত্ত দরের ৫০% বিডি **(ফেরতযোগ্য)** "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর" এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৩। সিডিউল ক্রয়ের সময় দিনাজপুর জেলা পরিষদের লাইসেন্সের মূল বহি সঙ্গে আনতে হবে।

৪। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুন: ব্যবহারযোগ্য হবে না। ১ম দফার দরপত্র সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।

৫। দরপত্র অনুমোদনের ১৫(পনের) দিনের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ জমাসহ শতকরা ১০% উৎসকর ও ১৫% ভ্যাট চালানের মাধ্যমে ব্যাংকে জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন নাগাদ পর্যন্ত আয়কর ও ভ্যাট একসাথে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে প্রদত্ত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% বিডি জমা করতে হবে, যা পরবর্তীতে ফেরতযোগ্য।

৭। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যহার করা যাবেনা। দাখিলকৃত দরপত্র প্রতাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ/কাঠ কম, মরা, পঁচা, বা অন্য কোর ওজর আপত্তি উপথাপনপূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার বায়নার টাকা সরকারী খাতে বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহনযোগ্য হবে না। ।

৮। গাছ অপসারণের সময় গর্ত বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্রদাতা তাঁর নিজ দায়িত্বে তা মিটাবেন/সমস্যা সমাধান করবেন।

৯। দর উল্লেখের ক্ষেত্রে কাটাকাটি, ঘষামাজা চলবে না। সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে। দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।

১০। দরপত্র দাতা কোন শর্ত আরোপ করতে পারবেন না।

১১। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার বিডি দরপত্র সম্পূর্ণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের পর এবং অন্যান্য দরদাতাদের বিডি পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩(তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।

১২। বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাশ(টিপি) গ্রহণ করতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০৯/২৪
( মোঃ আল আমিন )
সহকারী প্রকৌশলী(ভা:)
জেলা পরিষদ, দিনাজপুর।